## প্রজ্ঞাপন

তারিখ: ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২২২-আইন/আয়কর/২০১১।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৭-আইন/২০০৯ এবং ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৬৬-আইন/আয়কর/২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

(অ) অনুচ্ছেদ ১ এর দফা (১) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

| ক্রমিক নং | গাড়ীর ধরন | প্রদেয় আয়করের হার |
|---|---|---|
| (ক) | ১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ১০,০০০.০০ |
| (খ) | ২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ১৫,০০০.০০ |
| (গ) | ২০০০ সিসির উপরে প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ৩০,০০০.০০ |
| (ঘ) | ২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য | টাকা ৩৫,০০০.০০ |
| (ঙ) | ২৮০০ সিসির উপরে প্রতিটি জীপ এর জন্য | টাকা ৫০,০০০.০০ |
| (চ) | মাইক্রোবাস প্রতিটির জন্য | টাকা ৮,০০০.০০"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**আমিনুর রহমান**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২২০-আইন/আয়কর/২০১২।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৭-আইন/২০০৯ এবং ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২২-আইন/আয়কর/২০১১ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(অ) অনুচ্ছেদ ১ এর দফা (১) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

| ক্রমিক নং | গাড়ীর ধরন | প্রদেয় আয়করের হার |
|---|---|---|
| (ক) | ১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ১৫,০০০.০০ |
| (খ) | ২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ৩০,০০০.০০ |
| (গ) | ২০০০ সিসির উপরে প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ৫০,০০০.০০ |
| (ঘ) | ২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য | টাকা ৬০,০০০.০০ |
| (ঙ) | ২৮০০ সিসির উপরে প্রতিটি জীপ এর জন্য | টাকা ১,০০,০০০.০০ |
| (চ) | মাইক্রোবাস প্রতিটির জন্য | টাকা ১৫,০০০.০০ |

(আ) অনুচ্ছেদ ৪ এর পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ ৫ সংযোজিত হইবে, যথা:-

"৫। করযোগ্য স্বত্ত্বা নয় এইরূপ প্রতিষ্ঠানের মালিকানাধীন মোটরকার, জীপ বা মাইক্রোবাসের ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না, যদি উক্ত প্রতিষ্ঠান করযোগ্য স্বত্ত্বা নয় মর্মে জাতীয় রাজস্ব বোর্ড হইতে প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট দাখিল করে।"।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**সৈয়দ মোঃ আমিনুল করিম**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)